

## ফতওয়া নং ৩০৮

### প্রশ্ন:

জমির ফসলের উশর এক মোনে কত কেজি করে দিতে হবে ?

### উত্তর:

সারা বছর বা বছরের অধিকাংশ সময় শ্রম বা অর্থের বিনিময়ে জমিতে সৈঁচ দেয়া না হলে উৎপন্ন ফসলের দশ ভাগের এক ভাগ উশর দিতে হবে। পক্ষান্তরে সারা বছর বা বছরের অধিকাংশ সময় শ্রম বা অর্থের বিনিময়ে সৈঁচ দেওয়া হলে বিশ ভাগের এক ভাগ দিতে হবে। ( ক্বামূসুল ফিক্বহ্ ৪/৩৯৭)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী  
ফতওয়া বিভাগ, জামিয়া নু'মানিয়া।  
০৭ রমাযান, ১৪৪৫ হিজরী (18/03/2024)